৫। দয়াল গুরু মহানন্দ, পদে প্রেম মকরন্দ।
পান করলি না তার একবিন্দু, অশ্বিনী তোর নাই সে ভাব।।

## ৭৭ নং তাল-একতালা

এ পাপ দেহ গুরুপদে কেন করব দান।
আমার দান দিবার এক বস্তু আছে, নেও যদি করি সম্প্রদান।।
১। প্রেম ভক্তি ধর্ম্ম পুণ্য, রেখেছি নাথ তোমার জন্য,
আমি মেঙ্গে খাব হয়ে দৈন্য, মনে করেছি এই বিধান।।
২। সুখ শান্তি তোমায় দিয়ে, অধর্ম্ম অশান্তি লয়ে,
আমি থাকব মহাপাপী হয়ে, তবু না দেহ করিব দান।।
৩। পবিত্রময় তব অঙ্গ, বহিতেছে প্রেম তরঙ্গ,
আমি কেন করব সে ভাব ভঙ্গ, এ দেহ পাপেতে পাষাণ।।
৪। নারকী হইয়া রব, তবু না পদ পরশিব,
আমি যেমন ব্যক্তি তেমনি রব, ও পদে নিতে চাইনা স্থান।।
৫। মহানন্দের বাক্য লয়ে, দুঃখের পাষাণ বক্ষে দিয়ে,
অশ্বিনী থাক চাতক হয়ে, করিস না অন্য বারি পান।।

## ৭৮ নং তাল-ঠুংরী

স্বার্থ ত্যাগী অনুরাগী হওরে মন,
নিঃস্বার্থ নগরে যাবি পাবি রূপের দরশন।।
১। নিঃস্বার্থ নগরে যাবি, কত যে আনন্দ পাবি,
প্রেমানন্দে সুখে রবি, মিলবে গুরু পরম ধন।।
২। স্বার্থময় সংসারে এসে, মত্ত হলি অর্থের বশে,
মায়া পিশাচী এসে, স্বহস্তে ক'র্‌ল বন্ধন।।
৩। দেখে শুনে হয় না জ্ঞান, করছ অভিমান সুরাপান,
প্রতিষ্ঠা শূকরের বিষ্ঠা, দিবা নিশি করছ ভক্ষণ।।